

যায়যায়দিন

তারিখ ... SEP. 10 2006 ...

পৃষ্ঠা 2 কলাম ...

৩৭

সংবাদ সম্মেলনে বক্তারা কওমি মাদ্রাসার স্বীকৃতি বাস্তবায়নে আরবি বিশ্ববিদ্যালয় জরুরি

যাযায়দি রিপোর্ট

কওমি মাদ্রাসা শিক্ষার সনদকে এমএ-২ সমমান দেবে ঘোষণা দেয়া হয়েছে, তা বাস্তবায়নের জন্য একটি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন। কারণ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি দিতে হলে বিশ্ববিদ্যালয় অপরিহার্য। এসব কারণে এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন একটি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেই তার অধীনে ফাজিল কামিলকে মাস্টার্স ডিগ্রির মান দেয়া হোক।

গতকাল শনিবার বিকালে পুরানা পল্টনের নোয়াখালী টাওয়ারে আয়োজিত সংবাদ সম্মেলনে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটির নেতারা এসব কথা বলেন। এতে লিখিত বক্তব্য রাখেন কমিটির আহ্বায়ক মাওলানা মুহিউদ্দীন খান। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জমিয়াতুল মোদারেরিছনের যুগ্মমহাসচিব মাওলানা রহুল আমীন খান, মাওলানা আবদুল লতিফ নেজামী, মাওলানা আজিজুল হক মুরাদ, ড. মাহবুবুর রহমান,